বাংলাদেশ কম্পিউটার সমিতি
BANGLADESH COMPUTER SAMITY
12th floor, Sonartori Tower, Plot # 12, Biponon C/A, Sonargaon Road, Dhaka 1000, Bangladesh

২০১০ - ২০১১ মেয়াদকালের কার্যনির্বাহী কমিটি'র ৭ম সভার কার্যবিবরণী

স্থান : বিসিএস কার্যালয়

তারিখ : রবিবার, ৭ মার্চ ২০১০

সময় : বিকাল ৫:৩০মি.

সভাপতি : জনাব মোস্তাফা জব্বার

উপস্থিতি:

জনাব কাজী আশরাফুল আলম	-	সহ-সভাপতি
জনাব মজিবুর রহমান স্বপন	-	মহাসচিব
জনাব নাজমুল আলম ভূঁইয়া (জুয়েল)	-	যুগ্ম-মহাসচিব
জনাব ইউসুফ আলী শামীম	-	পরিচালক
জনাব মোঃ শাহিদ-উল-মুনীর	-	পরিচালক

সভার আলোচ্যসূচি নিম্নরূপ:

১. বিগত ২৪ ফেব্রুয়ারি ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন
২. বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ
৩. বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০
৪. অ্যাসোসিও মাল্টিল্যাটার‌্যাল ট্রেড ভিজিট ২০১০
৫. বিসিএস ডিজিটাল এক্সপো সিলেট ২০১০
৬. আইবিপিসি'র সাথে যৌথ কর্মকাণ্ড
৭. সমিতিতে সদস্যতা প্রসঙ্গে
৮. বিবিধ

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং এতে পর্যায়ক্রমে নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্তাবলি গৃহীত হয়:

আলোচ্যসূচি-১ : বিগত ২৪ ফেব্রুয়ারি ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন

আলোচনা : সভাপতি বিগত ২৪ ফেব্রুয়ারি ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী আজকের সভায় উপস্থাপন করেন। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চাইলে এটি সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে বলে সবাই মত পেশ করেন। এতে সভাপতি উক্ত কার্যবিবরণী অনুমোদিত বলে সভায় ঘোষণা প্রদান করেন।

সিদ্ধান্ত : বিগত ২৪ ফেব্রুয়ারি ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী অনুমোদিত বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-২ : বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ

আলোচনা : সভাপতি পরিচালকদের নিকট তাদের কর্মকাণ্ডের বিবরণী পেশ করার জন্য অনুরোধ জানান। এতে সভাপতি নিজে তার নিম্নলিখিত কার্যবিবরণী পেশ করেন:

সভাপতির কর্মকাণ্ড

২৫ ফেব্রুয়ারি - ৭ মার্চ ২০১০

২৫ ফেব্রুয়ারি ২০১০ সভাপতি কেরানীগঞ্জের কলাতিয়ায় ফুলকলি'র পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে যোগ দেন। ২৬ ফেব্রুয়ারি ২০১০ সকালে সভাপতি বাংলাদেশ অনলাইন কমিউনিটির সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন। ২৭ ফেব্রুয়ারি ২০১০ বিকালে সভাপতি ব্যারিস্টার আমিরুল ইসলাম পরিচালিত MICTI- এর একটি প্রতিনিধি দলের সাথে বাংলাদেশে কম্পিউটারশিক্ষিত জনগোষ্ঠী গড়ে তোলা এবং ডিজিটাল স্কুল প্রতিষ্ঠার বিষয়ে মত বিনিময় করেন। ২৮ ফেব্রুয়ারি ২০১০ বিকালে সভাপতি ফিউচার সলিউশনের সাথে গ্রাম পর্যায়ে ই-কমার্স ব্যবস্থা চালু করা ও ডিজিটাল বাংলা প্রতিষ্ঠা করার ব্যাপারে আলোচনা করেন। ঐদিন সন্ধ্যায় সভাপতি বেসিস আয়োজিত সম্বর্ধনা সভায় নির্বাহী কমিটির সদস্যবৃন্দসহ যোগদান করেন। ১ মার্চ ২০১০ সভাপতি বিসিএস-এর সিলেট কার্যালয়ের উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দেন। তার সাথে সমিতির নির্বাহী পরিষদের সহ সভাপতি কাজী আশরাফুল আলম ও পরিচালক ইউসুফ আলী শামীম সহযাত্রী ছিলেন। ২ মার্চ ২০১০ সভাপতি আইবিপিসি'র নির্বাহী পরিষদের সভায় যোগ দেন। ৩ মার্চ ২০১০ সভাপতি এনটিভির একটি অনুষ্ঠানে ডিজিটাল বাংলাদেশ বিষয়ে বক্তব্য রাখেন। ৪ মার্চ ২০১০ সভাপতি ইইএফ তহবিলের মঞ্জুরি কমিটির সভায় যোগ দেন। ৪ মার্চ ২০১০ সভাপতি আরটিভিতে ডিজিটাল বাংলাদেশ বিষয়ক একটি অনুষ্ঠানে বক্তব্য রাখেন। ৫ মার্চ ২০১০ সভাপতি ডিজিটাল উদ্ভাবনী মেলার দু'টি সেমিনারে আলোচক হিসেবে অংশগ্রহণ করেন। ৭ মার্চ ২০১০ সভাপতি সমিতির কার্যালয়ে আইটিসি/সিআইবির দুই সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদলের সাথে দ্বিপাক্ষিক বিষয় নিয়ে আলোচনা করেন।

আলোচ্যসূচি-৩ : বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০

আলোচনা : বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০-এর আহ্বায়ক জনাব মোঃ শাহিদ-উল-মুনীর প্রদর্শনীর অগ্রগতি সম্পর্কে সভায় অবহিত করেন। তিনি জানান, মোবাইল ফোন 'একটেল' প্রদর্শনীতে প্ল্যাটিনাম স্পন্সর, সাউথইস্ট ব্যাংক অফিসিয়াল ব্যাংক এবং স্যামসাং গোল্ড স্পন্সর হবার জন্য মৌখিকভাবে নিশ্চয়তা প্রদান করেছে। তিনি প্রদর্শনীর সংশ্লিষ্ট সকল উপ-কমিটির চেয়ারম্যানদেরকে অনতিবিলম্বে স্ব স্ব উপ-কমিটির বাজেট পেশ করার অনুরোধ জানান। এতে সকলে ইতিবাচক সায় প্রদান করেন। এ পর্যায়ে আহ্বায়ক নিজে মেলার স্টল ও প্যাভিলিয়ন সেটআপ এবং মেলার ভেন্যু শেরাটন হোটেলের ভাড়া বাবদ সব মিলিয়ে কমবেশি ৪৬ লক্ষ টাকা ব্যয় হবে বলে সভায় অবহিত করেন। সভায় ইভেন্ট ম্যানেজমেন্ট উপ-কমিটির চেয়ারম্যান জানান, গতকাল তিনি উক্ত উপ-কমিটির একটি সভা করেছেন। সে সভার সিদ্ধান্ত

মোতাবেক তিনি প্রদর্শনী চলাকালে বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের জন্য ৫,৭০,০০.০০ টাকার একটি বাজেট উপস্থাপন করেন। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চাইলে এ ব্যাপারে স্বল্প বাজেটে সংক্ষিপ্তাকারে অনুষ্ঠান আয়োজনে তারা মত পেশ করেন।

প্রদর্শনীর মিডিয়া উপ-কমিটির চেয়ারম্যান জনাব মজিবুর রহমান স্বপন প্রদর্শনীর জন্য মুদ্রণীয় দ্রব্যসমূহের দরপত্র আহ্বানের একটি নমুনা সভায় উপস্থাপন করেন। উক্ত নমুনা অনুসরণ করে সকল দরপত্র সংগ্রহের ব্যাপারে সকলে একমত পোষণ করেন।

প্রদর্শনীর আহ্বায়ক জনাব মোঃ শাহিদ-উল-মুনীর এবং মিডিয়া উপ-কমিটির চেয়ারম্যান জনাব মজিবুর রহমান স্বপন যৌথভাবে তদারকি করে প্রদর্শনীর মুদ্রণীয় দ্রব্যাদিতে ছাপানোর জন্য একটি মানসম্পন্ন ডিজাইন আঁকানোর ব্যবস্থা করবেন বলে পরিচালকবৃন্দ সায় প্রদান করেন।

সভাপতি সভায় অবহিত করেন, সমিতির সদস্য কোম্পানি ডাটা সফ্‌ট সৌজন্যমূলকভাবে প্রদর্শনীর ওয়েবসাইট তৈরি ও ব্যবস্থাপনা করার প্রস্তাব করেছে। এ ব্যাপারে তিনি পরিচালকদের মতামত জানতে চাইলে তারা উক্ত সদস্য কোম্পানিকে ওয়েবসাইট এ কাজ করার দায়িত্ব দেয়া যেতে পারে বল মত পেশ করেন।

মিডিয়া উপ-কমিটির চেয়ারম্যান জনাব মজিবুর রহমান স্বপন প্রস্তাব করেন, এ বছর প্রদর্শনীর জন্য টেলিভিশনে প্রচারিতব্য বিজ্ঞাপনের সময় হবে ১০ সেকেন্ড। এ প্রস্তাবে সকলে একমত পোষণ করেন। তিনি টেলিভিশন, রেডিও, পত্রিকা, বিলবোর্ড, ব্যানার ইত্যাদির মাধ্যমে প্রদর্শনীর প্রচার-প্রচারণা বাবদ ১৩ লক্ষ টাকার একটি বাজেট সভায় উপস্থাপন করেন। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চাইলে, তারা এটি আরো কিছুটা কমিয়ে করা যায় কিনা তা পর্যালোচনা করার মত পেশ করেন।

ডিজিটাল লাইফস্টাইল উপ-কমিটির চেয়ারম্যান জনাব মজিবুর রহমান স্বপন প্রস্তাব করেন, ডিজিটাল লাইফস্টাইল জোনে সরকারি প্রতিষ্ঠানগুলোকে তাদের উদ্ভাবনী বিষয়াবলী প্রদর্শনের জন্য আমন্ত্রণ জানানো উচিত। এতে সকলে একমত পোষণ করেন।

প্রদর্শনী আয়োজন সংক্রান্ত বিষয়াদি নিয়ে উপ-কমিটির চেয়ারম্যানবৃন্দ প্রদর্শনীর আহ্বায়কের সাথে আলাপ-আলোচনা করে সকল কর্মকাণ্ড পরিচালনা করবেন বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

সিদ্ধান্ত :

- প্রদর্শনীর সংশ্লিষ্ট সকল উপ-কমিটির চেয়ারম্যানবৃন্দ অনতিবিলম্বে তাদের স্ব স্ব উপ-কমিটির বাজেট পেশ করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।
- প্রদর্শনী চলাকালে বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের জন্য প্রস্তাবিত বাজেট আরো সীমিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- প্রদর্শনীর জন্য মুদ্রণীয় দ্রব্যসমূহের দরপত্র আহ্বানের জন্য প্রণীত নমুনা অনুসরণ করে সকল দরপত্র সংগ্রহের সিদ্ধান্ত গৃহীত হয়।
- প্রদর্শনীর আহ্বায়ক জনাব মোঃ শাহিদ-উল-মুনীর এবং মিডিয়া উপ-কমিটির চেয়ারম্যান জনাব মজিবুর রহমান স্বপন যৌথভাবে তদারকি করে প্রদর্শনীর মুদ্রণীয় দ্রব্যাদিতে ছাপানোর জন্য একটি মানস্পন্ন ডিজাইন আঁকানোর ব্যবস্থা করবেন বলে সিদ্ধান্ত গৃহীত

হয়।

- প্রদর্শনীর জন্য টেলিভিশনে প্রচারিতব্য বিজ্ঞাপনের সময় ১০ সেকেন্ড হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।
- টেলিভিশন, রেডিও, পত্রিকা, বিলবোর্ড, ব্যানার ইত্যাদির মাধ্যমে প্রদর্শনীর প্রচার-প্রচারণা বাবদ খরচ যথাসম্ভব সীমিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।
- প্রদর্শনী আয়োজন সংক্রান্ত বিষয়াদি নিয়ে উপ-কমিটির চেয়ারম্যানবৃন্দ প্রদর্শনীর আহ্বায়কের সাথে আলাপ-আলোচনা করে সকল কর্মকাণ্ড পরিচালনা করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-৪ : অ্যাসোসিও মাল্টিল্যাটার‍্যাল ট্রেড ভিজিট ২০১০

আলোচনা : সভাপতি সভায় অভিমত ব্যক্ত করেন, অ্যাসোসিও মাল্টিল্যাটার‍্যাল ট্রেড ভিজিট ২০১০ আয়োজনের ব্যাপারে অ্যাসোসিও'র ডেপুটি প্রেসিডেন্ট জনাব আব্দুল্লাহ্ এইচ কাফীর সাথে আলোচনা করে ব্যবস্থা গ্রহণ করা বাঞ্ছনীয়। এ ব্যাপারে সকলে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত :

- অ্যাসোসিও মাল্টিল্যাটার‍্যাল ট্রেড ভিজিট ২০১০ আয়োজনের ব্যাপারে অ্যাসোসিও'র ডেপুটি প্রেসিডেন্ট জনাব আব্দুল্লাহ্ এইচ কাফীর সাথে আলোচনা করে ব্যবস্থা গ্রহণ করা হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-৫ : বিসিএস ডিজিটাল এক্সপো সিলেট ২০১০

আলোচনা : সভাপতি 'বিসিএস ডিজিটাল এক্সপো সিলেট ২০১০' আয়োজনের ব্যাপারে পরিচালকদের মতামত জানতে চাইলে, উক্ত প্রদর্শনী আগামী ১৪ - ১৭ এপ্রিল ২০১০ সময়কালে আয়োজন করা যেতে পারে বলে অভিমত ব্যক্ত করেন। তবে অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত কোন দিন প্রধান অতিথি হিসেবে উক্ত প্রদর্শনী উদ্বোধন করতে পারবেন তার উপর বিষয়টি চূড়ান্তভাবে নির্ভর করছে। অন্যদিকে, আলাপ-আলোচনার ভিত্তিতে সমিতির সহ-সভাপতি জনাব কাজী আশরাফুল আলমকে 'বিসিএস ডিজিটাল এক্সপো সিলেট ২০১০'-এর কেন্দ্রীয় সমন্বয়কারী হিসেবে মনোনীত করার পক্ষে সকলে মত পেশ করেন।

সিদ্ধান্ত :

- আগামী ১৪ - ১৭ এপ্রিল ২০১০ সময়কালে 'বিসিএস ডিজিটাল এক্সপো সিলেট ২০১০' আয়োজন করা হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়। তবে অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত কোন দিন প্রধান অতিথি হিসেবে উক্ত প্রদর্শনী উদ্বোধন করতে পারবেন তার উপর বিষয়টি চূড়ান্তভাবে নির্ভর করছে।
- সমিতির সহ-সভাপতি জনাব কাজী আশরাফুল আলমকে 'বিসিএস ডিজিটাল এক্সপো সিলেট ২০১০'-এর কেন্দ্রীয় সমন্বয়কারী মনোনীত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-৬ : আইবিপিসি'র সাথে যৌথ কর্মকাণ্ড

আলোচনা : সভাপতি সভায় অবহিত করেন, বিগত ২ মার্চ ২০১০ তারিখে আইবিপিসি'র কার্যনির্বাহী কমিটির সভায় বিসিএস-এর পুনর্বিন্যাসকৃত কর্মকাণ্ড অনুমোদিত হয়েছে। সে মোতাবেক ঢাকায় সদস্যদের প্রশিক্ষণের জন্য মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন, বাগেরহাটে অ্যাওয়ারনেস প্রোগ্রাম আয়োজনে সহ-সভাপতি জনাব কাজী আশরাফুল আলম এবং সুনামগঞ্জে অ্যাওয়ারনেস প্রোগ্রাম আয়োজনে পরিচালক জনাব মোঃ শাহিদ-উল-মুনীর

সমন্বয়কারী করার অভিমত ব্যক্ত করা হয়।

সিদ্ধান্ত : ঢাকায় সদস্যদের প্রশিক্ষণের জন্য মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন, বাগেরহাটে অ্যাওয়ারনেস প্রোগ্রাম আয়োজনে সহ-সভাপতি জনাব কাজী আশরাফুল আলম এবং সুনামগঞ্জে অ্যাওয়ারনেস প্রোগ্রাম আয়োজনে পরিচালক জনাব মোঃ শাহিদ-উল-মুনীর সমন্বয়কারীর দায়িত্ব পালন করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-৭ : সমিতিতে সদস্যতা প্রসঙ্গে

আলোচনা :
- সদস্যপদ উপ-কমিটির চেয়ারম্যান জনাব কাজী আশরাফুল আলম যাচাই-বাছাই, পরীক্ষা-নিরীক্ষা ও সরেজমিনে পরিদর্শন শেষে কম্পিউটার সোর্স ইনফোটেক লিঃ এবং প্রাইম কম্পিউটার কোম্পানি দু'টির সমিতিতে সদস্যপদ আবেদনপত্র সভায় উপস্থাপন করেন। সভাপতি এ ব্যাপারে পরিচালকদের মতামত জানতে চাইলে তারা উল্লিখিত কোম্পানি দু'টির সমিতিতে সদস্যপদ অনুমোদনের সায় প্রদান করেন।
- সদস্যপদ উপ-কমিটির চেয়ারম্যান জনাব কাজী আশরাফুল আলম সংশ্লিষ্ট দলিলপত্র ও তথ্যাদিসহ সদস্য কোম্পানি ইন্টিগ্রেটেড বিজনেস সিসটেমস্ (সদস্য নং-৭০১)-এর নাম পরিবর্তন করে ইন্টিগ্রেটেড বিজনেস সিসটেমস্ এন্ড সলিউশন্স (প্রা:) লিমিটেড করার আবেদনপত্রটি সভায় উপস্থাপন করেন। উক্ত আবেদন অনুমোদনে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত :
- সমিতিতে নিম্নলিখিত কোম্পানি দু'টির সদস্যপদ অনুমোদিত বলে সিদ্ধান্ত গৃহীত হয়:

কোম্পানির নাম	সদস্য নং
কম্পিউটার সোর্স ইনফোটেক লিঃ	৭৫৫
প্রাইম কম্পিউটার	৭৫৬

- সমিতি'র সদস্য কোম্পানি ইন্টিগ্রেটেড বিজনেস সিসটেমস্ (সদস্য নং-৭০১)-এর নাম পরিবর্তন করে ইন্টিগ্রেটেড বিজনেস সিসটেমস্ এন্ড সলিউশন্স (প্রা:) লিমিটেড করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-৮ : বিবিধ

আলোচনা :
- বিসিএস তদন্ত কমিটি ২০১০ কর্তৃক বিগত ২৮ ফেব্রুয়ারি ২০১০ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চাইলে উক্ত তদন্ত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে সভায় নিম্নোক্ত অভিমত ব্যক্ত করা হয়:
  - ➢ বাংলাদেশ কম্পিউটার সমিতির সংঘবিধির ধারা ৯-এর উপ-ধারা (গ) মোতাবেক সমিতিতে জনাব হাফিজ আকবর আহমেদ কর্তৃক প্রতিনিধিত্বকারী সদস্য কোম্পানিদ্বয়, যথা- ইয়ার ২০০০ কোং (প্রা:) লি: এবং বেস্ট কম্পিউটার টেকনোলজিস অত্র সমিতিতে সদস্য হিসাবে বহাল থাকার জন্য উপযুক্ততা হারিয়েছে। কিন্তু সভায় বিশেষ বিবেচনায় তাকে শুধরানোর আরেকবার সুযোগদান করার অভিমত ব্যক্ত করা হয়। তবে ভবিষ্যতে তাকে বাংলাদেশ কম্পিউটার

সমিতির স্বার্থের পরিপন্থী কোন প্রকার কার্যক্রমে সংশ্লিষ্ট থাকতে দেখা গেলে তার কর্তৃক প্রতিনিধিত্বকারী সকল সদস্য কোম্পানির সদস্যপদ কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই তাৎক্ষনিকভাবে সমিতি হতে বাতিল করা হবে বলে চূড়ান্তভাবে সতর্ক করার অভিমত ব্যক্ত করা হয়।

- ➢ বাংলাদেশ কম্পিউটার সমিতির সংঘবিধির ধারা ৯-এর উপ-ধারা (গ) মোতাবেক সমিতিতে জনাব মোতালেব হোসেন মানিক কর্তৃক প্রতিনিধিত্বকারী সদস্য কোম্পানি ট্রাই-জেম কম্পিউটারস্ অত্র সমিতিতে সদস্য হিসাবে বহাল থাকবার জন্য উপযুক্ততা হারিয়েছে। কিন্তু সভায় বিশেষ বিবেচনায় তাকে শুধরানোর আরেকবার সুযোগদান করার অভিমত ব্যক্ত করা হয়। তবে ভবিষ্যতে তাকে বাংলাদেশ কম্পিউটার সমিতির স্বার্থের পরিপন্থী কোন প্রকার কার্যক্রমে সংশ্লিষ্ট থাকতে দেখা গেলে তার কর্তৃক প্রতিনিধিত্বকারী সদস্য কোম্পানির সদস্যপদ কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই তাৎক্ষনিকভাবে সমিতি হতে বাতিল করা হবে বলে চূড়ান্তভাবে সতর্ক করার অভিমত ব্যক্ত করা হয়।
- ➢ জনাব মোতালেব হোসেন মানিক-এর মামা জনাব মোশারফ হোসেনকে এই মর্মে পত্র প্রদান করা প্রয়োজন যে, জনাব মোশারফ হোসেন কোনভাবে বংলাদেশ কম্পিউটার সমিতির নাম ব্যবহার করার চেষ্টা করলে সমিতি দেশের প্রচলিত আইনে তার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে বাধ্য হবে।

- সমিতির তরফে ২০১০ - ২০১১ অর্থবছরের বাজেট প্রস্তাব সভায় উপস্থাপন করা হয়। এ ব্যাপারে সভাপতি অভিমত ব্যক্ত করেন, এসব প্রস্তাব সমিতির ট্যাক্স, ভ্যাট অ্যান্ড কাস্টমস অ্যাফেয়ার্স স্ট্যান্ডিং কমিটি এবং ফিন্যান্স স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যানদ্বয় কর্তৃক পর্যবেক্ষণ ও সুপারিশ হওয়া বাঞ্ছনীয়। এতে সকলে একমত পোষণ করেন।
- উইটজা গ্লোবাল এওয়ার্ড ২০১০-এর জন্য আগ্রহ প্রকাশ করে বেজ লিমিটেড এবং ডাটা সফ্‌ট লিমিটেড সমিতিতে দরখাস্ত জমা দিয়েছে। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চাইলে উক্ত দু'টি কোম্পানিকে উইটজা গ্লোবাল এওয়ার্ড ২০১০-এর জন্য বাংলাদেশ কম্পিউটার সমিতির তরফে সুপারিশ করার অভিমত ব্যক্ত করা হয়।
- সমিতির পরিচালকবৃন্দ ঢাকার বাইরে অফিসিয়াল কোন অনুষ্ঠানে যোগদান করলে তাদের খরচাদির ব্যাপারে একটি দিকনির্দেশনা থাকা প্রয়োজন বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়।
- সভায় সমিতির একাউন্টস অফিসার মোঃ রুমান শেখ কর্তৃক দাখিলকৃত ঋণের আবেদনপত্রটি সভায় উপস্থাপন করা হয়। এ ব্যাপারে আলাপ-আলোচনা শেষে ১২ মাসে সমান কিস্তিতে পরিশোধ সাপেক্ষে তাকে ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা ঋণ প্রদানের অভিমত ব্যক্ত করা হয়।
- ইতিপূর্বে যেসব কর্মচারী সমিতি হতে ঋণ গ্রহণ করেছেন তাদের মাসিক বেতন থেকে তা আদায় করার ব্যাপারে সভায় অভিমত ব্যক্ত করা হয়।
- মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন সভায় অবহিত করেন, সমিতির স্ট্যান্ডিং কমিটিগুলো পূর্ণাঙ্গভাবে গঠনের লক্ষ্যে তিনি একটি সম্ভাব্য তালিকা প্রণয়ন করেছেন। তা ইতোমধ্যে নিয়োজিত বিভিন্ন স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান এবং সদস্য সচিবদের নিকট হস্তান্তর করা প্রয়োজন বলে সকলে অভিমত ব্যক্ত করেন।
- মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন সময়ের প্রয়োজনে সমিতির স্ট্যান্ডিংসমূহের কর্মপরিধি সংশোধন করার প্রস্তাব সভায় পেশ করলে তা গ্রহণীয় বলে অভিমত ব্যক্ত করা হয়।

- সভাপতি বিগত ৪-৬ মার্চ ২০১০ সময়কালে সফলভাবে সমিতির সদস্যদের সমন্বয়ে 'ডিজিটাল ইনোভেশন ফেয়ার ২০১০'-এ অংশগ্রহণের ব্যবস্থা এবং তা সুসম্পন্ন করার জন্য মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন এবং যুগ্ম-মহাসচিব জনাব নাজমুল আলম ভূঁইয়া (জুয়েল)-কে ধন্যবাদ ও অভিনন্দন জানানোর প্রস্তাব করেন। এ প্রস্তাবে সকলে সায় প্রদান করেন।
- বিগত ২৪ ফেব্রুয়ারি ২০১০ তারিখে সমিতির চীফ্ অপারেটিং অফিসার বীরেন্দ্র নাথ অধিকারী কর্তৃক দাখিলকৃত পদত্যাগপত্রের ব্যাপারে কার্যনির্বাহী কমিটির ঐ দিনের (২৪/০৩/২০১০) সভার সিদ্ধান্ত মোতাবেক মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন সভায় আজকের অবহিত করেন, চীফ্ অপারেটিং অফিসার তাকে জানিয়েছেন যে, তিনি সমিতিতে চাকুরী করবেন না বলে পদত্যাগপত্র দাখিল করেছেন। তাই তিনি (অপারেটিং অফিসার) উক্ত পদত্যাগপত্র গ্রহণ এবং তা আগামী ১ এপ্রিল ২০১০ তারিখ থেকে কার্যকর করার জন্য অনুরোধ করেছেন। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চাইলে এতে পদত্যাগের বিষয়টি নিয়ে চীফ্ অফিসারের সাথে অধিকতর আলোচনা করার জন্য সভাপতির উপর দায়িত্ব অর্পণ করার অভিমত ব্যক্ত করা হয়।

সিদ্ধান্ত :

- বিসিএস তদন্ত কমিটি ২০১০ কর্তৃক বিগত ২৮ ফেব্রুয়ারি ২০১০ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদন মোতাবেক বাংলাদেশ কম্পিউটার সমিতির সংঘবিধির ধারা ৯-এর উপ-ধারা (গ) মোতাবেক সমিতিতে জনাব হাফিজ আকবর আহমেদ কর্তৃক প্রতিনিধিত্বকারী সদস্য কোম্পানিদ্বয়, যথা- ইয়ার ২০০০ কোং (প্রা:) লি: এবং বেস্ট কম্পিউটার টেকনোলজিস অত্র সমিতিতে সদস্য হিসাবে বহাল থাকার জন্য উপযুক্ততা হারিয়েছে বলে প্রতীয়মান হলেও বিশেষ বিবেচনায় তাকে শুধরানোর আরেকবার সুযোগদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। তবে ভবিষ্যতে তাকে বাংলাদেশ কম্পিউটার সমিতির স্বার্থের পরিপন্থী কোন প্রকার কার্যক্রমে সংশ্লিষ্ট থাকতে দেখা গেলে তার কর্তৃক প্রতিনিধিত্বকারী সকল সদস্য কোম্পানির সদস্যপদ কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই তাৎক্ষনিকভাবে সমিতি হতে বাতিল করা হবে বলে চূড়ান্তভাবে সতর্ক করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- বিসিএস তদন্ত কমিটি ২০১০ কর্তৃক বিগত ২৮ ফেব্রুয়ারি ২০১০ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদন মোতাবেক বাংলাদেশ কম্পিউটার সমিতির সংঘবিধির ধারা ৯-এর উপ-ধারা (গ) মোতাবেক সমিতিতে জনাব মোতালেব হোসেন মানিক কর্তৃক প্রতিনিধিত্বকারী সদস্য কোম্পানি ট্রাই-জেম কম্পিউটারস্ অত্র সমিতিতে সদস্য হিসাবে বহাল থাকবার জন্য উপযুক্ততা হারিয়েছে বলে প্রতীয়মান হলেও বিশেষ বিবেচনায় তাকে শুধরানোর আরেকবার সুযোগদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। তবে ভবিষ্যতে তাকে বাংলাদেশ কম্পিউটার সমিতির স্বার্থের পরিপন্থী কোন প্রকার কার্যক্রমে সংশ্লিষ্ট থাকতে দেখা গেলে তার কর্তৃক প্রতিনিধিত্বকারী সদস্য কোম্পানির সদস্যপদ কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই তাৎক্ষনিকভাবে সমিতি হতে বাতিল করা হবে বলে চূড়ান্তভাবে সতর্ক করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- জনাব মোতালেব হোসেন মানিক-এর মামা জনাব মোশারফ হোসেনকে এই মর্মে পত্র প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয় যে, জনাব মোশারফ হোসেন কোনভাবে বাংলাদেশ কম্পিউটার সমিতির নাম ব্যবহার করার চেষ্টা করলে সমিতি দেশের প্রচলিত আইনে তার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে বাধ্য হবে।
- সমিতির তরফে ২০১০ - ২০১১ অর্থবছরের বাজেট প্রস্তাব সমিতির ট্যাক্স, ভ্যাট অ্যান্ড কাস্টমস অ্যাফেয়ার্স স্ট্যান্ডিং কমিটি এবং ফিন্যান্স স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যানদ্বয় কর্তৃক

পর্যবেক্ষণ ও সুপারিশ হওয়া বাঞ্ছনীয় বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

- উইটজা গ্লোবাল এওয়ার্ড ২০১০-এর জন্য আগ্রহ প্রকাশ করা বেইজ লিমিটেড এবং ডাটা সফ্‌ট লিমিটেড কোম্পানি দু'টির দরখাস্ত উক্ত এওয়ার্ডের জন্য বাংলাদেশ কম্পিউটার সমিতির তরফে সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- সমিতির পরিচালকবৃন্দ ঢাকার বাইরে অফিসিয়াল কোন অনুষ্ঠানে যোগদান করলে তাদের খরচাদির ব্যাপারে একটি দিকনির্দেশনা প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ১২ মাসে সমান কিস্তিতে পরিশোধ সাপেক্ষে সমিতির একাউন্টস অফিসার মোঃ রুমান শেখকে সমিতি হতে ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা ঋণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ইতিপূর্বে যেসব কর্মচারী সমিতি হতে ঋণ গ্রহণ করেছেন তাদের মাসিক বেতন থেকে তা আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- সমিতির স্ট্যান্ডিং কমিটিগুলো পূর্ণাঙ্গভাবে গঠনের লক্ষ্যে প্রণীত সম্ভাব্য তালিকা মোতাবেক ইতোমধ্যে নিয়োজিত বিভিন্ন স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান এবং সদস্য সচিববৃন্দকে তাদের স্ব স্ব স্ট্যান্ডিং কমিটি গঠনের অনুরোধ জানানোর সিদ্ধানাত গৃহীত হয়।
- প্রয়োজনানুসারে সমিতির স্ট্যান্ডিংসমূহের কর্মপরিধি সংশোধন করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- বিগত ৪-৬ মার্চ ২০১০ সময়কালে সফলভাবে সমিতির সদস্যদের সমন্বয়ে 'ডিজিটাল ইনোভেশন ফেয়ার ২০১০'-এ অংশগ্রহণের ব্যবস্থা এবং তা সুসম্পন্ন করার জন্য মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন এবং যুগ্ম-মহাসচিব জনাব নাজমুল আলম ভূঁইয়া (জুয়েল)-কে ধন্যবাদ ও অভিনন্দন জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।
- বিগত ২৪ ফেব্রুয়ারি ২০১০ তারিখে সমিতির চীফ্‌ অপারেটিং অফিসার বীরেন্দ্র নাথ অধিকারী কর্তৃক দাখিলকৃত পদত্যাগের ব্যাপারে তার সাথে অধিকতর আলোচনা করার জন্য সভাপতি জনাব মোস্তাফা জব্বারের উপর দায়িত্ব অর্পণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ দায়িত্ব পালনে সভাপতি সম্মতি জ্ঞাপন করেন।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

মোস্তাফা জব্বার
সভাপতি